



প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২২-২৩/ ৩৫৩(১)

তারিখঃ ০১-০৮-২০২২ ইং

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন বিষয়ক কাজে আর্থিক সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ হতে ১১-০৪-২০২২ ইং তারিখে জারীকৃত পত্র নং প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২১-২২/৩০৪০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পত্রের মাধ্যমে ৩০-০৬-২০২২ ইং তারিখের মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে উল্লেখিত তথ্যাদি প্রাপ্তির ক্ষেত্রে কতিপয় নির্দেশনা অনুসরণপূর্বক শর্তাধীনে সংশ্লিষ্টদেরকে তাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।

০৩। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন ইউনিট (BFIU) কর্তৃক গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া ৩০-০৬-২০২২ ইং তারিখের মধ্যে সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে রাস্ত্রীয় মালিকানাধীন অন্যান্য ব্যাংকসমূহে উক্ত নির্দেশনার বাস্তবায়ন সম্পন্ন করলেও অত্র ব্যাংকে অদ্যাবধি বাস্তবায়ন সম্পন্ন হয়নি। বিশেষ বিবেচনায় শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংকের গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া আবশ্যিকভাবে সম্পাদনের জন্য ৩০.০৯.২০২২ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য পুনর্নির্ধারিত সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি (CIF) ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া সম্পাদন ও তাতা প্রাপ্তির ক্ষেত্রে অত্র বিভাগের পত্র নং-প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২১-২২/৩০৪০, তারিখঃ ১১-০৪-২০২২ এ বর্ণিত শর্তাদি নিম্নবর্ণিতভাবে আংশিক পরিবর্তন করা হলো, যা আবশ্যিকভাবে পরিপালন করতে হবেঃ-

- ৪.১ শাখার গ্রাহকের মোট হিসাব (আমানত ও ঋন) সংখ্যা হতে No Frills Account, Inoperative Account এবং Dormant Account সমূহ বিয়োজন করে শাখার নিয়মিত ও সংশোধনযোগ্য হিসাবের সংখ্যা নিরূপণ করতে হবে।  
উল্লেখ্য, নিয়মিত ও সংশোধনযোগ্য হিসাবসমূহের অধিকাংশই ঋন হিসাব বিধায় উক্ত হিসাবসমূহের গ্রাহকের মৌলিক তথ্যাদি (CIF) হালনাগাদ করার কাজে শাখার মাঠকর্মীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।
- ৪.২ প্রতিটি মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে শাখাসমূহকে সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে নিরূপিত সংশোধনযোগ্য হিসাবের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে।
- ৪.৩ ৩০.০৬.২০২২ তারিখে উক্ত নিরূপিত ও সংশোধনযোগ্য মোট হিসাবের ন্যূনতম ৫০% সংশোধন করা হয়েছে এমন শাখাসমূহ জুন/২০২২ পর্যন্ত নির্ধারিত হারে তাতা গ্রহণ করতে পারবে। তদপূর্ববর্তীতে জুলাই/২০২২ ভিত্তিক ৬০%, আগষ্ট/২০২২ ভিত্তিক ৮০% অর্জনকারী শাখাসমূহ কেবলমাত্র সংশ্লিষ্ট মাস শেষে উক্ত হারে তাতা গ্রহণ করতে পারবে। তবে সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে অবশ্যই সংশোধনযোগ্য হিসাবের ১০০% হালনাগাদ করতে হবে।
- ৪.৪ ৩০-০৯-২০২২ ইং তারিখের মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়ার শতভাগ সম্পাদন করা হয়েছে মর্মে শাখা ব্যবস্থাপককে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।
- ৪.৫ প্রাপ্য আর্থিক সুবিধা ব্যাংকের ১৩৩/৬ হিসাব খাত বিয়োজন করে প্রদান করতে হবে।
- ৪.৬ গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে কোন ধরণের ভুল/ভুল/মিথ্যা তথ্য অন্তর্ভুক্তির দায় ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে।
- ৪.৭ উপরোক্ত নির্দেশনা পরিপালনে ব্যর্থ শাখাসমূহের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত পরবর্তীতে অবহিত করা হবে।

চলমান পাতা-০২

০৫। গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের (CBS) এ সংরক্ষণ ও সংশোধন প্রক্রিয়া নিয়মিতভাবে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) কর্তৃক তদারকি করা হচ্ছে বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব প্রদান করে পুনর্নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করা হলো। সেইসাথে এতদবিষয়ে অত্র বিভাগের ২৬-১০-২০২১ ইং তারিখের পত্র নং প্রক/আরএমডি(৩০)/অংশ-৯/২০২১-২২/১৩০২ মূলে গঠিত কমিটিকে সার্বক্ষনিক তদারকিসহ শাখাভিত্তিক তথ্য অত্র বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত



(কে. এম. হাবিব-উন-নবী)

উপমহাব্যবস্থাপক

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা

(DCAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।